গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ “পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলায় ভূবনেশ্বর নদী পুন:খনন এবং পোনা নদী ও ভূবনেশ্বর নদীর ভাঙন হতে বিভিন্ন স্থাপনা/ সম্পদ রক্ষা (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৭-০৯-২০২১।
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-৩), পাসম সভাকে জানান যে, প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে পোনা নদী ও ভূবনেশ্বর নদীর ভাঙ্গন হতে ভান্ডারিয়া উপজেলার মজিদা বেগম কলেজসহ বিভিন্ন স্থাপনা/সম্পদ রক্ষা করা এবং ভূবনেশ্বর নদীতে শুকনা মৌসুমে পানির প্রবাহ বজায় রাখা। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৩৯৮.৫৬ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১৮ হতে জুন, ২০২২ পর্যন্ত। প্রকল্পটি ১৫ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ভৌত অগ্রগতি ৭৯.১৪% ও আর্থিক অগ্রগতি ৭০.৮৮%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল সভায় জানান যে, প্রকল্পটির আওতায় ৩.০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ এবং ১৩.৩০ কিঃমিঃ নদী পূন:খনন কাজ অন্তর্ভূক্ত রয়েছে। নদী পূন :খনন কাজের ৬টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং বাকী ১টি প্যাকেজের কাজ খুব শীঘ্রই সম্পন্ন হবে। নদী তীর সংরক্ষণ কাজের ৮টি প্যাকেজের মধ্যে ২টি প্যাকেজের কাজ সমাপ্ত হওয়ার পথে (অগ্রগতি ৯৩%) এবং বাকী ৬টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। নদী তীর সংরক্ষণ কাজের সার্বিক অগ্রগতি ৭৭.৮০%। প্রকল্পটি চলতি অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত আছে এবং এর জন্য এডিপি বরাদ্দ প্রয়োজন ৯৯০.০০ লক্ষ টাকা।	ক) ২০২১-২২ অর্থবছরে প্রকল্পটি সমাপ্তির লক্ষ্যে বর্তমান অর্থ বছরের ৯.৯০ কোটি টাকা এডিপি বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ বাস্তবায়ন করতে হবে।	পরিকল্পনা উইং, পাসম। প্রকল্প পরিচালক, বাপাউবো।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩০.১৮-৩৪৭

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮
০৫ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ:যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) যুগ্মসচিব, প্রশাসন, (ফোকাল পয়েন্ট কর্মকর্তা পিরোজপুর), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৫) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
১৭) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২২) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলায় ভূবনেশ্বর নদী পুন:খনন এবং পোনা নদী ও ভূবনেশ্বর নদীর ভাঙ্গন হতে বিভিন্ন স্থাপনা/সম্পদ রক্ষা (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, পিরোজপুর পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর।
২৩) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব